

2017/SEM/EVEN/BNGH-203/179

স্নাতক যুগ্ম বাৎসরিক পরীক্ষা, ২০১৭

বাংলা

(সান্মানিক)

(দ্বিতীয় বাৎসরিক)

পাঠক্রম নং : BNGH-203


(আধুনিক বাংলা গদ্যসাহিত্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক



১। স্বামী বিবেকানন্দ আমেরিকার কোন্ শহরে হিন্দু ধর্ম সম্পর্কে বক্তৃতা দিয়েছিলেন? “এককালে এই ভারতবর্ষে ধর্ম আর মোক্ষের সামঞ্জস্য ছিল।” স্বামী বিবেকানন্দের মত অনুসরণে ধর্ম ও মোক্ষের সংজ্ঞা নির্দেশ করো। ‘ধর্ম ও মোক্ষ’ প্রবন্ধে অবলম্বনে ধর্ম সম্পর্কে বিবেকানন্দের মতবাদের পরিচয় দাও।

১+৪+৯=১৪

অথবা

২। সম্যাস গ্রহণের পূর্বে বিবেকানন্দের নাম কী ছিল? ‘প্রাচ্য ও পাশ্চাত্য’-এর প্রবন্ধগুলো কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? “... প্রথমে বুঝতে হবে এমন কোন গুণ নাই যা জাতি বিশেষের একাধিকার। তবে কোন ব্যক্তিতে যেমন, তেমনি কোন জাতিতে কোন কোন গুণের আধিক্য-প্রাধান্য।” উক্তিটির আলোকে স্বামীজী প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতার যে তুলনা করেছেন তা বিশদভাবে আলোচনা করো।

১+১+১২=১৪

৩। ছোটদের রামায়ণ-এর লেখক কে? 'রামায়ণ' প্রবন্ধে লেখক বাম্বীকির 'রামায়ণ'-এর যে দুটি বাংলা অনুবাদের প্রসঙ্গ উত্থাপন করেছেন, সেগুলো কী কী? "... রামায়ণে অসংগতি অসংখ্য। অনেক ক্ষেত্রেই কবি আমাদের সম্ভাব্য কৌতূহলকে উপেক্ষা করে গেছেন।" বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+২+১১=১৪

অথবা

৪। 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধটি কত সালে লেখা? প্রবন্ধটিতে রবীন্দ্র-পরবর্তী যেসব কবির কথা গুরুত্বসহকারে আলোচিত হয়েছে, তাঁদের মধ্যে দুজনের নাম লেখো। রবীন্দ্র-উত্তরসূরী কবিদের সম্পর্কে বুদ্ধদেব বসুর ভাবনা পরিস্ফুট করো।

১+২+১১=১৪

৫। 'বইপড়া' প্রবন্ধটি লেখক কোথায় প্রথম পাঠ করেছিলেন? কে প্রথম চৌধুরীকে 'উদাসীন গ্রন্থকীট' বলেছিলেন? 'বইপড়া' প্রবন্ধ অনুসরণে গ্রন্থাগারের গুরুত্ব সম্পর্কে একটি নিবন্ধ প্রস্তুত করো।

১+১+১২=১৪

অথবা

৬। প্রবন্ধসংগ্রহের অন্তর্গত 'জয়দেব' প্রবন্ধটি কোন্ সাময়িক পত্রিকায় প্রকাশিত হয়েছিল? জয়দেব রচিত বিখ্যাত কাব্যগ্রন্থের নাম কী? জয়দেবের সময় বঙ্গদেশের রাজা কে ছিলেন? "মাঁহার কাব্যে স্বাভাবিকতা অপেক্ষা কৃত্রিমতা অধিক তাহাকে আমি উৎকৃষ্ট কবি বলিতে প্রস্তুত নহি।" প্রথম চৌধুরীর 'জয়দেব' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

১+১+১+১১=১৪

(3) 17

৭। সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) চলিত গদ্যে বিবেকানন্দের কৃতিত্ব

(খ) 'দেবতা ও অসুর' প্রবন্ধের মূল বক্তব্য

(গ) বাংলা শিশুসাহিত্যে সুকুমার রায়

(ঘ) ভারতচন্দ্রের কাব্যে হাস্যরস
